



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিদেশী কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের সাময়িক নিবন্ধন সনদ

স্মারক নং- ১৪৩/নতুন/ইংলিশ/ ৪০২৭৭

তারিখ : ০৪/১১/১৮

প্রত্যয়ন করা যাচ্ছে, **Capstone School Dhaka**, বাড়ি # ২১, রোড # ১১৮, গুলশান # ১, ঢাকা-কে “রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুল’স অর্ডিনেন্স, ১৯৬২ (Ordinance No. xx of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিদেশী কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০১৭ (এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৭)-এর ধারা ৩-এর উপ-ধারা (৩)-এর বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়টিকে ০১/০১/২০১৮ হতে ৩১/১২/২০১৯ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য (‘ও’ লেভেল এবং ‘এ’ লেভেল পর্যন্ত) সাময়িক নিবন্ধন প্রদান করা হলো।

বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করতে হবে।

## শর্তসমূহ

- ১। উল্লিখিত বিধিমালার ধারা ১০-এর উপধারা ২ ও ৫ মোতাবেক বিদ্যালয়ের সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিলে নির্ধারিত টাকা জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের টাকা স্থায়ী আমানত/সঞ্চয়পত্র হিসাবে জমা করতে হবে। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সংরক্ষিত তহবিলের টাকা ভাঙানো বা উত্তোলন করা যাবে না।
- ২। বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধিমালার ধারা ১২ অনুসরণ করতে হবে।
- ৩। ২০১৭ সালের ৫ই জুন তারিখে জারীকৃত বিধিমালার ধারা ২৩-এর অধীনে কোন বেসরকারি স্কুলের রেজিস্ট্রেশনের আবেদন প্রত্যাখ্যাত হলে অথবা অধ্যাদেশের ধারা ৬-এর অধীন রেজিস্ট্রেশন সার্টিফিকেট স্থগিত করা হলে উক্ত স্কুলের রেজিস্ট্রেশনের জন্য পুনরায় আবেদন করা যাবে।
- ৪। সংশ্লিষ্ট অডিট টিম কর্তৃক বার্ষিক অডিট করাতে হবে।
- ৫। সাময়িক নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্ত্যন ৬০ (ষাট) দিন পূর্বে নির্ধারিত ফি জমাদানপূর্বক নিবন্ধনের জন্য আবেদন করতে হবে।
- ৬। প্রতি আর্থিক বছরে আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে।
- ৭। উক্ত বিধিমালার ধারা ৭ মোতাবেক বিদ্যালয়ে একটি ম্যানেজিং কমিটি থাকতে হবে এবং তা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত হতে হবে।
- ৮। ফলাফল মানসম্মত হতে হবে এবং ব্রাহ্মণ স্কুল থাকলে অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি নিতে হবে।
- ৯। শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য স্থানীয় সরকার কর্তৃপক্ষের অনাপত্তি থাকতে হবে।
- ১০। উক্ত বিধিমালার ধারা ১৪ মোতাবেক প্রত্যেক বিদ্যালয়ের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উক্ত ধারার উপধারা ৪ মোতাবেক নিবন্ধনের ৫ (পাঁচ) বছরের মধ্যে নিজস্ব ভবনে বিদ্যালয় স্থানান্তর করতে হবে। ভাড়া বাড়িতে বিদ্যালয় প্রতিষ্ঠা করলে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের জন্য ভাড়ার চুক্তিনামা থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাঃ

প্রফেসর প্রীতিশক্তুমার সরকার

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

প্রাপক : অধ্যক্ষ

**Capstone School Dhaka**

বাড়ি # ২১, রোড # ১১৮, গুলশান # ১, ঢাকা।

মেমো নং- ৪০২৭৭(১)

তারিখ : ০৪/১১/১৮

### সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। পরিচালক/প্রতিষ্ঠাতা, **Capstone School Dhaka**
- ৪। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৫। অফিস কপি

৪৮৬১  
০৪/১১/১৮

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

০৪/১১/১৮